

তারিখ: 08/02/2017

ব্যাঙ্কিং রেগুলেশন অ্যাক্ট, (এএসিএস)-এর ধারা 22 এবং 36 (A) (2)-এর অধীনে ভারতে ব্যাঙ্কিং কার্যাদি সম্পাদনের লাইসেন্স (অনুজ্ঞাপত্র) বাতিল এবং শহরাঞ্চলিক সমবায় ব্যাঙ্ক থেকে সমবায় সমিতিতে রূপান্তরণ- দ্য স্টেট ট্রান্সপোর্ট এমপ্লয়িজ কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেড, আহমেদাবাদ (গুজরাট)

জনসাধারণের জ্ঞাতার্থে এতদ্বারা ঘোষণা করা হচ্ছে যে ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক জানুয়ারি 13, 2017 তারিখাঙ্কিত আদেশের মাধ্যমে দ্য স্টেট ট্রান্সপোর্ট এমপ্লয়িজ কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেড, আহমেদাবাদ (গুজরাট)-এর লাইসেন্স বাতিল করেছে। তদনুসারে, ব্যাঙ্কিং রেগুলেশন অ্যাক্ট, 1949-এর ধারা 5 (cci) -এর সংজ্ঞা অনুযায়ী এবং তৎসহ পঠিত উক্ত আইনের ধারা 56 অনুযায়ী, “সমবায় ব্যাঙ্ক” হিসাবে ব্যাঙ্কটির আর কোনও অস্তিত্ব রইল না তথা উক্ত সমবায় ব্যাঙ্কটির উপর প্রযুক্ত উক্ত আইনের সকল বিধানসমূহ এর পরবর্তী সময় থেকে তার উপর আর প্রযোজ্য রইল না। ব্যাঙ্কিং রেগুলেশন অ্যাক্ট, 1949 (সমবায় সমিতির ক্ষেত্রে যথা প্রযোজ্য)-এর ধারা 22 তৎসহ পঠিত ব্যাঙ্কিং রেগুলেশন অ্যাক্ট, 1949 (সমবায় সমিতির ক্ষেত্রে যথা প্রযোজ্য)-এর ধারা 56-এর অধীনে উক্ত ব্যাঙ্ক কর্তৃক ব্যাঙ্কিং কার্য সম্পাদন নিষিদ্ধ ঘোষিত হল। এই কারণে, উক্ত ব্যাঙ্ক কর্তৃক ব্যাঙ্কিং রেগুলেশন অ্যাক্ট, 1949 (সমবায় সমিতির ক্ষেত্রে যথা প্রযোজ্য)-এর ধারা 5(b)-এর দ্বারা সংজ্ঞায়িত আমানত গ্রহণ/ফেরতপ্রদান সহ “ব্যাঙ্কিং” কার্যাদি পরিচালন নিবারণ করা হল।

প্রেস প্রকাশনি : 2016-2017/2134

অজিত প্রসাদ
সহায়ক উপদেষ্টা